

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯৯০

আগরতলা, ০৩ ডিসেম্বর, ২০২৩

আন্তর্জাতিক মানবাধিকার দিবস উদযাপন উপলক্ষে বসে আঁকো প্রতিযোগিতা

আগামী ১০ ডিসেম্বর আন্তর্জাতিক মানবাধিকার দিবস উদযাপনের অঙ্গ হিসেবে আজ কুণ্ডবনস্থিত ত্রিপুরা মানব অধিকার কমিশনের কার্যালয়ে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন ত্রিপুরা মানব অধিকার কমিশনের চেয়ারপার্সন বিচারপতি স্বপন চন্দ্র দাস। ৮-১২ বছর ও ১২-১৬ বছর এই দুই বিভাগে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই দুই বিভাগে ১৫০ জন প্রতিযোগী ও প্রতিযোগিনী অংশ নেয়।

বসে আঁকো প্রতিযোগিতার উদ্বোধন করে ত্রিপুরা মানব অধিকার কমিশনের চেয়ারপার্সন বলেন, মানব অধিকার কমিশন সমাজে পিছিয়েপড়া শ্রেণী, শ্রমিক শ্রেণী, ছাত্র ছাত্রী, শিশু সকলের অধিকার রক্ষায় কাজ করে। এই লক্ষ্যেই আজ স্বাস্থ্যকর পরিবেশের অধিকার, শিশু অধিকার, লিঙ্গ সমতা, দিব্যাঙ্গজনদের অধিকার ও প্রবীণ নাগরিকদের অধিকারের বিষয়ে বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। তাছাড়াও রাজ্যের বিভিন্ন মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের কাছ থেকে ‘মানবাধিকার সুরক্ষা’ বিষয়ে শ্লোগান প্রতিযোগিতারও আয়োজন করা হয়েছে। বসে আঁকো ও শ্লোগান প্রতিযোগিতায় বিজয়ীদের আগামী ১০ ডিসেম্বর রবীন্দ্র শতবার্ষিকী ত্বরণে আন্তর্জাতিক মানবাধিকার দিবসের অনুষ্ঠানে পূরক্ষ্ট করা হবে। তিনি জানান, ২০১৬ সালে রাজ্যে ত্রিপুরা মানব অধিকার কমিশন গঠিত হয়।

ত্রিপুরা মানব অধিকার কমিশনের চেয়ারপার্সন বলেন, ২০১৬ সাল থেকে ২০২৩ সালের নভেম্বর মাস পর্যন্ত কমিশনের কাছে মোট ৩৯০টি মামলা নথিভুক্ত হয়েছে। এর মধ্যে জনসাধারণ থেকে পাওয়া ২৭০টি মামলা রয়েছে। ত্রিপুরা মানব অধিকার কমিশন স্বতঃপ্রাপ্তি হয়ে ১২০টি মামলা গ্রহণ করেছে। ইতিমধ্যে ৩৬৮টি মামলার নিষ্পত্তি করা হয়েছে। তিনি বলেন, বর্তমানে কমিশন রাজ্যের বিভিন্ন বিদ্যালয় ও মহাবিদ্যালয়ে সচেতনতা শিবিরের আয়োজন করছে। যাতে ছাত্রছাত্রী সহ সকলে মানব অধিকার বিষয়ে সচেতন হন। এর প্রচার ও প্রসারে তিনি সাংবাদিকাদের কাছে এগিয়ে আসার আহ্বান জানান। উপস্থিত ছিলেন ত্রিপুরা মানব অধিকার কমিশনের সদস্য সুবীর চন্দ্র সাহা, সদস্য বি কে রায়, রাজস্ব দপ্তরের প্রধান সচিব পুনীত আগরওয়াল, ত্রিপুরা মানব অধিকার কমিশনের ডিএসপি লালহিম মলসম, কমিশনের ওএসডি অনিমেষ ধর প্রমুখ।
